# সংবাদ

তারিখ ...... 19 APR 2017
পৃষ্ঠা ..২.. কলাম ..৬......

## 'শিক্ষিত জাতি গঠনে শিক্ষকের বিকল্প নেই'

প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)

নওগাঁর পত্নীতলায় দিবর দিঘি চত্বরে প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক, শিক্ষিকাদের নিয়ে গত শনিবার এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার রবিউল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন জাতীয় সংসদের হুইপ নওগাঁ-২(পত্নীতলা-ধামইরহাট) আসনের সংসদ সদস্য শহীদুজ্জামান সরকার বাবলু এমপি।

আলোচনা সভায় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা গড়ে তুলেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার।

সোনার বাংলা গড়ে তুলতে এবং শিক্ষিত জাতি গঠনে শিক্ষকদের ভূমিকার কোন বিকল্প নেই।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল হামিদ, নজিপুর পৌর মেয়র রেজাউল কবির চৌধুরী, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ইছাহাক হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল গাফফার, বাবু নির্মল কুমার ঘোষ, আব্দুল খালেক চৌধুরী, পত্নীতলা থানার অফিসার ইনচার্জ মাজহারুল ইসলাম, দিবর ইউপি চেয়ারম্যান আব্দুল হামিদ সরকারসহ অন্যান্য কর্মকর্তা প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |
| প্রয়োজনীয় ব্যবস্থার্থে | |